বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

তারিখ 16 JUL 1995
পৃষ্ঠা ৪ কলাম ২

# সরকারী কলেজ শিক্ষক পরিষদের ক্ষোভ

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদ এইচএসসি পরীক্ষার দায়িত্ব পালন করতে গিয়ে দেশের বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে ছাত্র ও বহিরাগত কর্তৃক শিক্ষকদের লাঞ্ছিত ও প্রহৃত হওয়ার ঘটনায় গভীর ক্ষোভ প্রকাশ করেছে।

শনিবার পরিষদের এক বিবৃতিতে জানানো হয়, এইচএসসি পরীক্ষায় দায়িত্ব পালন করতে গিয়ে লোহাগড়া কলেজের শিক্ষক দেলোয়ার হোসেন, মংলা কলেজের উপাধ্যক্ষ সুশীল বিশ্বাস, প্রভাষক কুবের মন্ডল, মনোয়ার হোসেন ও অসিত কুমার, সরকারী সৈয়দ হাতেম আলী কলেজের অধ্যাপক শওকত আকবর খান, ভাওয়াল বদরে আলম সরকারী কলেজের অধ্যাপক সফিউজ্জামানসহ অনেকেই প্রহৃত ও লাঞ্ছিত হয়েছেন।

সরকারী কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যাপক আলী আকবর খান, সহ-সভাপতি অধ্যাপক মফিজুর রহমান, মহাসচিব অধ্যাপক মোঃ শাহাজান মিয়া ও যুগ্ম মহাসচিব মতিউর রহমান গাজ্জালী শনিবার দেয়া তাদের যৌথ বিবৃতিতে দোষী ব্যক্তিদের অবিলম্বে গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়ার দাবী জানান। তারা নকল প্রতিরোধে শিক্ষকদের আন্তরিক ও সাহসী ভূমিকার প্রশংসা করেন। বিবৃতিতে শিক্ষক নেতৃবৃন্দ নকল বন্ধের জন্য স্থানীয় প্রশাসন, অভিভাবক ও শিক্ষকদের সম্মিলিত উদ্যোগ ও প্রচেষ্টার পাশাপাশি সরকারের পক্ষ থেকে কার্যকর পদক্ষেপ গ্রহণের আহবান জানান।